



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/উমা/পনি-২৪৪

তারিখ: ১৭/০৭/২০২৩

২০২৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফরম পূরণের সময় বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২৩ সালের এইচ এস সি পরীক্ষার শিক্ষার্থীদের ফরম পূরণের চলমান কার্যক্রমের সময় আগামী ১৮/০৭/২০২৩ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ব্যতীত) বর্ধিত করা হলো। “সোনালী সেবার” মাধ্যমে ‘ফি’ পরিশোধের সময় ১৯/০৭/২০২৩ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।

২। বিলম্ব ফিসহ ফরম পূরণের সময় আগামী ২০/০৭/২০২৩ তারিখ থেকে ২৫/০৭/২০২৩ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। “সোনালী সেবার” মাধ্যমে ‘ফি’ পরিশোধের সময় ২৬/০৭/২০২৩ তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।

৩। উল্লেখিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীদের ফরম পূরণের কাজ সম্পন্ন করবে। প্রতিষ্ঠান প্রধান বিষয়টি নিশ্চিত করবেন।

৪। সোনালী ব্যাংকের সোনালী সেবার কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট কপি রাজশাহী শিক্ষা বোর্ডের হিসাব (আয়) শাখায় এক কপি উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় এক কপি জমা দিতে হবে এবং এক কপি শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণ করবেন। জমা দেয়ার তারিখ নিম্নে প্রদত্ত হ'ল :

ক্রমিক নম্বর	জেলার নাম	সোনালী সেবার রশিদ/হার্ডকপি, কাগজপত্রাদি জমার তারিখ
১.	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর ও নওগাঁ	৩০/০৭/২০২৩
২.	পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট	৩১/০৭/২০২৩

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর মোঃ আরিফুল ইসলাম

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮৮৫৬২৩১

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান